



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং-ঢাশিবো/বি/১৪০/ফরিদ/৬০৬৪

তারিখ: ২৬/০৮/২৪

বিষয়: সহকারী প্রধান শিক্ষক (সাময়িক বহিষ্কৃত) জনাব মোঃ সিরাজুল ইসলাম কে স্ব-পদে পূর্ণবহালের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

- সূত্র: ১. মো: সিরাজুল ইসলাম, সহকারী প্রধান শিক্ষক কর্তৃক মাননীয় চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা বরাবর গত ২৩/০৬/২০২৪ ইং তারিখে দাখিলকৃত আবেদন।
২. বোর্ড কর্তৃক প্রেরিত পত্রের স্মারক নং- ঢাশিবো/বি/অ/১৪০/ফরিদপুর/৫০২৮, তারিখ: ০২/০৭/২০২৪ ইং।
৩. তদন্তকারী কর্মকর্তার গত ২৯/০৭/২০২৪ ইং তারিখের দাখিলকৃত তদন্ত প্রতিবেদন।
৪. শিক্ষা মন্ত্রণালয়ের স্বারক নং- ৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০২১.৫১ তারিখ: ০৫/০২/২০২৪ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফরিদপুর জেলার সদর উপজেলাধীন “সম্মিলনী মাধ্যমিক বিদ্যালয়” এর সহকারী প্রধান শিক্ষক জনাব মোঃ সিরাজুল ইসলাম কে বিদ্যালয়ের ম্যানেজি কমিটি কর্তৃক বিগত ১৯/০৬/২০২৪ ইং তারিখে “সহকারী প্রধান শিক্ষক” এর পদ থেকে সাময়িক বরখাস্ত করা হয়। সূত্রোক্ত (১) নং ক্রমিকে উল্লিখিত অভিযোগ পত্রটি কে আমলে এনে, অভিযোগে আনীত বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য সূত্রোক্ত (২) নং ক্রমিকে উল্লিখিত স্মারকমূলে পত্র ইস্যু করা হয়। সূত্রোক্ত (২) নং ক্রমিকে উল্লিখিত পত্রমূলে আদিষ্ট হয়ে তদন্তকারী কর্মকর্তা অভিযোগে আনীত বিষয়ে সরেজমিনে তদন্ত করে, সূত্রোক্ত (৩) নং ক্রমিকে উল্লিখিত তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন। দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের মন্তব্য ও সুপারিশ নিম্নরূপ:

- সহকারী প্রধান শিক্ষক, জনাব মোঃ সিরাজুল ইসলামকে সাময়িক বরখাস্ত করার বিষয়টি বিধিসম্মত হয়নি। বিধায়, তাকে স্ব-পদে পূর্ণবহাল করণসহ সমুদয় বকেয়া বেতন ভাতা পরিশোধের জন্য সুপারিশ করা হলো।
- শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক স্বারক নং- ৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০২১.৫১ তারিখ: ০৫/০২/২০২৪ ইং-এর পরিপত্র অনুযায়ী, সহকারী প্রধান শিক্ষক- এর নিকট ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব প্রদানের জন্য সুপারিশ করা হলো।
- আগামী ০৬ মাসের মধ্যে বিধি-বিধান অনুসরণ পূর্বক, প্রধান শিক্ষক নিয়োগ প্রদান করে বোর্ডকে অবহিত করার জন্য সুপারিশ করা হলো।

এমতাবস্থায় উপরোল্লিখিত সুপারিশকৃত বর্নিত বিষয়ে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি জরুরি বিধায় আপনার সহযোগিতা একান্ত প্রয়োজন।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

প্রাপক :

- সভাপতি ম্যানেজি কমিটি
সম্মিলনী মাধ্যমিক বিদ্যালয়, বঙ্গেশ্বরদী,
সদর, ফরিদপুর
- প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত)
সম্মিলনী মাধ্যমিক বিদ্যালয়, বঙ্গেশ্বরদী,
সদর, ফরিদপুর

স্বা:
প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

মেমোনং- ৬০৬৪(৬)

তারিখ: ২৬/০৮/২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- জেলা প্রশাসক, ফরিদপুর।
- উপজেলা নির্বাহী অফিসার, সদর, ফরিদপুর।
- জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর।
- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, ফরিদপুর।
- পি-এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- অফিসকপি।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

২৬/৮/২০২৪